Akashvani Kolkata
Regional News Unit

Date: 26.11.2026 **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশজুড়ে যথাযথ মর্যাদায় সংবিধান দিবস পালিত হচ্ছে। দেশবাসীকে এই উপলক্ষ্যে উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর শুভেচ্ছা।

২) সংবিধানের মর্যাদা অক্ষুন্ন রাখা এবং ২০৪৭-এর মধ্যে উন্নত ভারত গঠনের জন্য সম্মিলিতভাবে কাজ করতে নাগরিকদের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। # আইন ও ন্যায় বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল বলেছেন, বিকশিত ভারত গড়ার লক্ষ্যে সংবিধান দিক নির্ণয়ের কাজ করছে।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২৬/১১-র মুম্বই হামলায় মৃতদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

৪) কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহা সড়ক মন্ত্রী নীতিন গড়কড়ি আজ পশ্চিমবঙ্গ সফরে প্রায় ২৭ হাজার কোটি টাকার একগুচ্ছ সড়ক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন।

৫) ২০২৫-২৬ অর্থবর্ষে ভারত ৩৭৮ মিলিয়ন টনেরও বেশি খাদ্যশস্য উৎপাদনের এক ঐতিহাসিক মাইলফলক স্পর্শ করেছে।

৬) গোয়ায় ইফি-র সপ্তম দিনে চলচ্চিত্র নির্মাণের বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের অবদানকে বিশেষভাবে তুলে ধরা হচ্ছে।

****

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশজুড়ে যথাযথ মর্যাদায় সংবিধান দিবস পালিত হচ্ছে। ১৯৪৯ সালে আজকের দিনেই গণপরিষদে ভারতের সংবিধান গৃহীত হয়। নাগরিকদের মৌলিক অধিকার রক্ষা, গণতন্ত্র প্রতিষ্ঠা এবং নিজ কর্তব্য পালন সম্পর্কে সচেতন করাই দিনটি পালনের মূল লক্ষ্য।
উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সংবিধান দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় উপরাষ্ট্রপতি সংবিধানের রূপকার ডঃ বাবাসাহেব আম্বেদকর এবং গণপরিষদের বিশিষ্ট সদস্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।
সামাজিক মাধ্যমের বার্তায় প্রধানমন্ত্রী বলেন, সংবিধান দিবস হল সংবিধানে নিহিত মূল্যবোধগুলিকে আরও শক্তিশালী করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করার দিন। এই উপলক্ষে সংবিধান প্রণয়ন কমিটির সভাপতি ডঃ বি আর আম্বেদকর এবং গণপরিষদের সকল বিশিষ্ট সদস্যের প্রতিও শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী

অমিত শাহ এক বার্তায় তিনি বলেন, বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের মজবুত ভিত্তি হল ভারতের সংবিধান। এই সংবিধান প্রত্যেক নাগরিককে সমান সুযোগ এবং মর্যাদার সঙ্গে বেঁচে থাকার অধিকার দিয়েছে।
দিনটি উপলক্ষে পশ্চিমবঙ্গের বিধানসভা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে সংবিধান প্রণেতা বাবাসাহেব আম্বেদকরের মূর্তিতে মাল্যদান করে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, হিংসামুক্ত ভোটই প্রকৃত গণতন্ত্র।

****

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, সংবিধানের মর্যাদা অক্ষুন্ন রাখা এবং ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত গঠনের জন্য সম্মিলিতভাবে কাজ করতে নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন। দৈনিক ইংরেজি ও হিন্দি সংবাদপত্রের একটি প্রধানমন্ত্রী বলেন, সংবিধানকে শুধুমাত্র সংসদ এবং আদালতের মধ্যে সীমাবদ্ধ না থেকে নাগরিকদের বিশেষ করে যুব সমাজের চেতনার অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে উঠতে হবে। ২৬ নভেম্বর সংবিধান দিবস পালনের লক্ষ্য মানুষকে সংবিধানের সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত করা। ডঃ রাজেন্দ্র প্রসাদ, ডঃ বাবাসাহেব আম্বেদকর এবং গণপরিষদের সদস্যদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শ্রী মোদি বলেন, ভারতের সমৃদ্ধ ঐতিহ্য ও সভ্যতাগত জ্ঞান থেকে ধারণা নিয়ে আধুনিক সংবিধান প্রণয়ন করেছিলেন তাঁরা।
প্রধানমন্ত্রী বিভিন্ন সরকারি উদ্যোগের কথা তুলে ধরেন। এর মধ্যে রয়েছে পিএম আবাস যোজনা, উজ্জ্বলা যোজনা, আয়ুষ্মান ভারত, মুদ্রা (MUDRA) এবং পিএম-স্বনিধি ইত্যাদি। বিশ্বব্যাংকের সাম্প্রতিক একটি প্রতিবেদনের প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী জানান, প্রায় ৫০ কোটি ভারতীয় দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে এসেছেন। ২০১৯ সালে ৩৭০ ও ৩৫এ ধারা বাতিলের ফলে জম্মু-কাশ্মীরে সংবিধানের পূর্ণাঙ্গ বাস্তবায়ন সম্ভব হয়েছে বলে তিনি জানান।

****

আইন ও ন্যায় বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল বলেছেন, বিকশিত ভারত গড়ার লক্ষ্যে সংবিধান দিক নির্ণয়ের কাজ করছে। সংবিধান দিবস উপলক্ষে তিনি এক সম্পাদকীয়তে লেখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সংবিধানের আদর্শ বাস্তবে রূপায়িত হচ্ছে। সংবিধান সংশোধনের মাধ্যমে সামাজিক ও আর্থিক সমতার লক্ষ্যে সরকার নানা পদক্ষেপ করেছে। বিভিন্ন মানুষের কাছে সংবিধানের অর্থ বিভিন্ন হলেও সম্মান এবং সুযোগের ক্ষেত্রে বৈচিত্র্যপূর্ণ এই দেশে সমমর্যাদা প্রদান করে।

****

মুম্বইয়ে ২০০৮ সালের ২৬ নভেম্বর সন্ত্রাসবাদী হামলায় নিহত ১৬৬ জন নিরীহ মানুষকে স্মরণ করছে দেশবাসী। শ্রদ্ধা জানানো হচ্ছে শহিদ নিরাপত্তাকর্মীদেরও। ভয়াবহ ওই হামলার ১৮ বছর পূর্ণ হলো। লস্কর-ই-তৈবার ১০ জন সশস্ত্র জঙ্গির চালানো হামলা প্রায় ৬০ ঘন্টা ধরে চলে। তাজমহল হোটেল, ওবেরয় ট্রাইডেন্ট-সহ বিভিন্ন জায়গায় হামলায় ৩০০-রও বেশি মানুষ আহত হন। সন্ত্রাসবাদের বিরুদ্ধে সতর্কতা ও জাতীয় নিরাপত্তা জোরদারের প্রয়োজনীয়তার কথা স্মরণ করিয়ে দেয় এই দিন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২৬/১১ র মুম্বাই হামলার বার্ষিকীতে মৃতদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন এবং সেনা ,পুলিশ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে যারা ভয়ডরহীন ভাবে দাঁড়িয়ে ছিলেন, তাদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি বলেন, জঙ্গি হামলায় প্রাণ যেতে পারে কিন্তু একটি জাতির সাহস এবং একসঙ্গে দৃঢ়ভাবে এর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর মানসিকতাকে শেষ করে দেওয়া যায় না।

****

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল দুদিনের সফরে কেরালম যাচ্ছেন। রাষ্ট্রপতি আগামীকাল সকালে কোচিতে পৌঁছানোর পর, এরনাকুলাম জেলার কালাডির উদ্দেশ্যে রওনা দেবেন। সেখানে আদি শঙ্করাচার্য জন্মভূমি মন্দির তিনি দর্শন করবেন এবং প্রার্থনা জানাবেন। এরপর তিনি ত্রিসুর বৈদ্যরত্নাম আয়ুর্বেদ কলেজের সুবর্ণজয়ন্তী উৎসবের সূচনা অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

দ্বিতীয় দিনে রাষ্ট্রপতি মুর্মু, কান্নুরে ইন্ডিয়ান ন্যাভাল একাডেমিতে সদ্য পাশ করা সেনাদের কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অভিবাদন গ্রহণ করবেন।

****

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, *রবিবার ২৯ শে নভেম্বর* , আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৪০-তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা। *'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ।*

****

মূলধনী বাজারের দিক থেকে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া – NSE, বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টক এক্সচেঞ্জে পরিণত হয়েছে। এটি জার্মানির ডুশে বোয়ার্স এবং লন্ডন স্টক এক্সচেঞ্জ গ্রুপকে পেছনে ফেলে এই অবস্থানে উঠে এসেছে।

সর্বশেষ তথ্য অনুযায়ী, NSE-র বাজারজাত মূলধন প্রায় ৬৪ দশমিক ১ বিলিয়ন মার্কিন ডলার। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে শীর্ষে রয়েছে সি এম ই গ্রুপ, যাদের বাজারজাত মূলধনের পরিমাণ ১১১ দশমিক ৬ বিলিয়ন মার্কিন ডলার। এর পরেই রয়েছে ইন্টারকন্টিনেন্টাল এক্সচেঞ্জ। তাদের বাজারজাত মূলধন ৯৯ দশমিক ৪ বিলিয়ন মার্কিন ডলার।

****

নেপাল সরকার, রাষ্ট্রসংঘের উন্নয়ন কর্মসূচির সহযোগিতায়, হিমালয় অঞ্চলে তুষারধ্বসে সৃষ্ট বন্যার ঝুঁকি কমানোর লক্ষ্যে ৪৯ দশমিক ৯/৪ মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্প চালু করেছে। 'গ্লোফ সঞ্জীবনী' নামের এই প্রকল্পটি কাঠমান্ডুতে আয়োজিত একটি জাতীয় কর্মশালায় আনুষ্ঠানিকভাবে উপস্থাপন করা হয়। এর উদ্দেশ্য হলো, পাহাড়ি অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীকে সুরক্ষা দেওয়া।

আগেই জানানো হয়েছে, নেপালে চলতি বছরের আগস্টে ত্রিশুলি ও ভোতে কোশী নদীতে হড়পা বানে নিখোঁজ ২১৩ জন ভারতীয় নাগরিককে আইনিভাবে মৃত ঘোষণা করার প্রক্রিয়া শুরু করেছে সেদেশের সরকার। ইতোমধ্যেই ২১৩ জনের নামের তালিকা প্রকাশ করেছে তারা। ঐ তালিকায় কোনো নাম সংযোজন, বাদ দেওয়া বা তথ্য সংশোধনের প্রয়োজন হলে দোসরা ডিসেম্বরের মধ্যে দূতাবাসের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে।

****

এশীয় উন্নয়ন ব্যাংক, ADB, বাংলাদেশের আটটি দ্রুত বিকাশশীল শহরে নিরাপদ ও পরিবেশ বান্ধব জলের সরবরাহ ব্যবস্থা উন্নয়ন প্রকল্পে ১৫ কোটি ডলার ঋণ মঞ্জুর করেছে। জল সরবরাহ এবং পয়ঃপ্রণালী উন্নয়নের এই প্রকল্পে কুমিল্লা পুরসভা এবং চাঁদপুর, গোপালপুর, হাজিগঞ্জ ,ঈশ্বরদী লক্ষম,নাটোর এবং পাবনা শহর রয়েছে। এর অধীনে ১৭৯০ কিলোমিটার দীর্ঘ জল সরবরাহের পরিকাঠামো তৈরি করা হবে ,যার মাধ্যমে ৬৫ হাজার পরিবার উপকৃত হবে।

২০৩২ এর ডিসেম্বর মাসে এই প্রকল্পের কাজ শেষ হওয়ার কথা।

****

বালুচিস্তানের মাস্তুং জেলায় পাকিস্তানি সেনার গোলাবর্ষণে ১০ জনেরও বেশি মানুষ প্রাণ হারিয়েছেন। আহত শতাধিক। ওই এলাকার চারটি ইউনিয়ন কাউন্সিল জুড়ে পাক বাহিনীর সামরিক অভিযানের ফলে প্রায় ৭০ হাজার মানুষ বিপর্যস্ত। এছাড়াও, বহু দোকানপাট, ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। ২৪ ঘন্টার মধ্যে বাসিন্দাদের নিজেদের বাড়িঘর ছেড়ে চলে যেতেও পাক সেনা নির্দেশ দিয়েছে বলে তাঁদের অভিযোগ। বালুচিস্তানের ন্যাশনাল পার্টির নেতা আব্দুল মালিক বালোচ পাকিস্তানি বাহিনীর এই হামলার তীব্র নিন্দা করেছেন।

****

গোয়ায় ৫৭-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব – ইফি-র আজ সপ্তম দিন। আন্তর্জাতিক প্রতিযোগিতা বিভাগে ঋষভ শেট্টির কন্নড় সিনেমা কান্তারা – দ্য লেজেন্ড – চ্যাপ্টার ওয়ান আজ দেখানো হয়েছে। চমকপ্রদ দৃশ্যপট, আদিবাসী ঐতিহ্য এবং অ্যাকশনদৃশ্যের সমন্বয়ে এই চলচ্চিত্র ভারতের আঞ্চলিক সিনেমার একটি স্বতন্ত্র সাংস্কৃতিক আখ্যানকে আন্তর্জাতিক মঞ্চে তুলে ধরল বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

এবারের উৎসবে চলচ্চিত্র-নির্মাণের বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের অবদানকে বিশেষভাবে তুলে ধরা হচ্ছে। এবারের উৎসবে ৫২ জন মহিলা চলচ্চিত্র নির্মাতা অংশগ্রহণ করছেন।
লাদাখের পরিচালক লীনা যাদবের সিনেমা, 'বিকামিং', মুসকান আস্থানার 'সেভ মিচ্ছার', অনুপমা শারাধির 'পিলি চান্নে', এবং অন্তরা জি জি চৌধুরীর 'সূর্যমুখী' ভারতীয় গল্পকথনের বৈচিত্র্যকে আরও সমৃদ্ধ করেছে।
এছাড়াও, কিরগিজ চলচ্চিত্র-নির্মাতা নারগিজা দোতিয়েভার 'স্কাইলার্ক' এবং রোমানিয়ার পরিচালক ভারতীয় বংশোদ্ভূত আলিনা শেরবানের 'আই ম্যাটার' ছবিটি দেখানো হয়েছে ইফি-তে।

****

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহা সড়ক মন্ত্রী নীতিন গড়কড়ি আজ পশ্চিমবঙ্গের প্রায় ২৭ হাজার কোটি টাকার একগুচ্ছ সড়ক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। পূর্ব মেদিনীপুরের কোলাঘাটে সরকারি অনুষ্ঠান মঞ্চ থেকে প্রায় সাত হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিত সড়ক প্রকল্পের উদ্বোধন এবং ২০ হাজার কোটি টাকার নতুন প্রকল্পের শিলান্যাস করেছেন তিনি। এর মধ্যে রয়েছে জেলার নরঘাট সেতু, মুর্শিদাবাদের ফারাক্কায় গঙ্গা নদীর উপরে নবনির্মিত চার লেনের ব্রিজ সহ চারটি সেতু। অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, মুখ্যসচিব মনোজ কুমার আগারওয়াল ও পূর্ত মন্ত্রী অজয় পোদ্দার এবং অন্যরা। একই মঞ্চে আছেন তৃণমূল কংগ্রেস ছেড়ে NCPI-এ যোগ দেওয়া সাংসদ জুন মালিয়া এবং শতাব্দী রায়।

অনুষ্ঠান শেষে নবান্নে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রীর বৈঠকের কথা রয়েছে। আসন্ন গঙ্গাসাগর মেলা নিয়ে সেখানে আলোচনা হতে পারে বলে খবর।

****